

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-৩ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৫০.০০.০০৩.১৬-১৩৪

তারিখ : ১৯.০৪.২০১৬খ্রিঃ


বিষয় : ঢাকা ওয়াসার ১২টি কার্যালয়ের ২০১৩-২০১৫ অর্থ বছরের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত গুরুতর আর্থিক অনিয়ম সংক্রান্ত।

সূত্র : আধা-সরকারী পত্রের নম্বরঃ ডিজি/পূর্ত অডিট/রি-১১/এআইআর/২০১৪-২০১৫/৭৫৬/৭২৭ তারিখঃ ০৭.০৪.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রেরিত আধা-সরকারী পত্রের ছায়ািলিপি এতদসংগে প্রেরণ করা হলো। সূত্রোক্ত ডি,ও পত্রে উল্লেখিত ৪৯টি অডিট আপত্তিকে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে বিবেচনাপূর্বক অগ্রিম অনুচ্ছেদে উন্নীত করার সিদ্ধান্ত হয়েছে এবং নিষ্পত্তিমূলক অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। জবাব পাওয়া না গেলে পূর্ত অডিট অধিদপ্তর পরবর্তী পদক্ষেপ হিসেবে “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ অনুযায়ী অডিট আপত্তিগুলো বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেলের অডিট রিপোর্টে অন্তর্ভুক্তির ব্যবস্থা গৃহীত হবে এবং সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুযায়ী অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির মাধ্যমে জাতীয় সংসদে উপস্থাপন করা হবে।

০২। বর্ণিত অবস্থায়, আধা-সরকারী পত্রে উল্লেখিত অগ্রিম অডিট আপত্তির নিষ্পত্তিমূলক জবাব আগামী ০৭(সাত) দিনের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সেই সাথে যথাসময়ে অডিট আপত্তির জবাব পাওয়া না গেলে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০৪ পাতা।


(মোঃ মিজানুর রহমান মজুমদার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩১
mizan11226@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক

ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। যুগ্ম-সচিব(অডিট/পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। উপ প্রধান রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-১/২/৭, ঢাকা ওয়াসা, ঢাকা।
- ০৬। নির্বাহী প্রকৌশলী,সংগ্রহ বিভাগ-১/২/ মডস্ জোন-৪/ মডস্ জোন-১/মডস্ জোন-৬/এফ এম বিভাগ-২/ মডস্ জোন-২/ নির্মাণ(সিভিল) বিভাগ, মডস্ জোন-৭, ঢাকা ওয়াসা।
- ০৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। মাষ্টার কপি/অফিস কপি।